২৭। যীশু আমাদের মিলনকারী,এবং তিনি অসংখ্য বিবাদমান দলগুলিকে – পুরুষ এবং মহিলাদের, বিভিন্ন জাতিগত গোষ্ঠীগুলিকে, প্রতিযোগীতা মনস্ক দেশগুলিকে একত্রে নিয়ে আসেন –তাদেরকে একীভূত করেন এবং শত্রুতার প্রাচীরগুলি ধ্বংস করে (ইফিষীয় ২:১৪)। প্রভু, প্রতিদিন এই সত্যে বাঁচার জন্য, বিশ্বাসী হিসাবে আমাদের সাহায্য করো।

২৮। হে প্রভু, তুমি আমাকে ক্ষমা করেছিলে, সুতরাং অন্যরা যখন আমার বিরুদ্ধে অপরাধ করে তখন তাদের ক্ষমা করতে আমাকে সাহায্য করো। অন্যদের প্রতি প্রেমপূর্ণ হতে আমাকে সক্ষম করো, কারণ এটি আমাদের ঐক্যবদ্ধ করে। আমার মধ্যে এবং আমার সমস্ত সম্পর্কগুলির মধ্যে শান্তি লাভ এবং একজন কৃতজ্ঞ ব্যক্তি হতে আমাকে সাহায্য কর! (কলসীয় ৩:১৩-১৫)

২৯। হে পিতা, বিশ্বাসীদের দেখতে সাহায্য করো যে তারা একটি সাধারণ খ্রীষ্টের দেহের সদস্য। খ্রীষ্টানদের পারস্পরিক ভালোবাসা এই জগতে উজ্জ্বল হোক, এবং তোমার অস্তিত্ব প্রমাণিত হতে দাও, কারণ তুমি সমস্ত প্রেমের এবং অনুগ্রহের উৎস। (যোহন ১৭)

৩০। কীভাবে শরণার্থীদের এবং প্রবাসীদের সঙ্গে ব্যবহার করতে হবে সেই বিষয়ে ডেনমার্কে অনেক মতামত আছে। কিছু সংখ্যক লোকেরা তাদের স্বাগত জানায়, যখন অন্যরা দেশের মধ্যে তাদের থাকতে দিতে একেবারেই চায় না। প্রার্থনা করুন তাদের দেশে যখন এই বিষয়টি নিয়ে আলোচনা চলছে তখন ডেনমার্কের লোকেরা যেন বিদেশীদের প্রতি ভালোবাসাপূর্ণ হৃদয়ে কাজ করে। (২ বিবরণ ১০:১৯)

৩১। প্রার্থনা করুন যাতে কম্বোডিয়ান খ্রীষ্ট বিশ্বাসীরা তাদের নিজেদের মধ্যে লড়াই না করে, বিশেষ করে ফেসবুকে। প্রভু, এটি আমাদের সাক্ষ্যকে বিবর্ণ করে! চার্চের মধ্যে ঐক্য আনো যাতে আমরা অবিশ্বাসীদের কাছে যীশুর আশা এবং ভালোবাসা আনতে পারি। (ইফিষীয় ৪:৩১-৩২)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে আবার করোনা প্রভাব প্রকট রূপ ধারণ করছে, এবং এক মাস হোল সমস্থ কিছু লক ডউন হয়ে আছে, যার কারণে অনেক মানুষ মারা যাচ্ছে, দরিত্রতার হার বৃদ্ধি পাচ্ছে, । তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার মুখ বাংলাদেশের প্রতি উজ্জ্বল করেন, এবং বাংলাদেশের মানুষের পাপ ক্ষমা করে এই মহামারির হাত থেকে যেন সবাইকে রক্ষা করেন।

২। প্রতি বছর জুন মাস থেকে সেপ্টেম্বর মাস এই সময়টাতে বাংলাদেশে প্রচুর বৃষ্টিপাতও ঝড় হয় যার কারণে বন্যার পানিতে মানুষের ঘরবাড়ি ধ্বসে যায়, অনেক মানুষের প্রাণ যায়, এবং অনেকে নিঃস্ব হয়ে যায় যা বাংলাদেশের অর্থনীতিতে অনেক বিরূপ প্রভাব পরে। প্রার্থনা করবেন যেন এই বছর ঈশ্বর এই ঝড় বন্যার হাত থেকে বাংলাদেশকে ও বাংলাদেশের মানুষকে রক্ষা করেন।

৩। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

৪। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৫। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৬। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



2021. 08.

## সমন্বয়, একতা

যখন অক্সিজেন এবং হাইড্রোজেন একত্রিত হয়, তারা তাদের মূল বৈশিষ্ট্যগুলি বিসর্জন দিয়ে এক নতুন বৈশিষ্ট্যযুক্ত জলে পরিণত হয়। এইভাবে, যদি আমরা সত্যই অন্যের সাথে পুনর্মিলন করতে চাই তবে আমাদের অবশ্যই নিজেকে অস্বীকার করতে হবে।

"সম্পূর্ণ নম্রতা ও মৃদুতা সহকারে, দীর্ঘসহিষ্ণুতা সহকারে চল; প্রেমে পরস্পর ক্ষমাশীল হও, শান্তির যোগবন্ধনে আত্মার ঐক্য রক্ষা করিতে যত্নবান্ হও।" ইফিষীয় ৪ : ২ - ৩

TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে পিতা, বারুন্দির হিংস্রতার থেকে পালিয়ে আসা এবং শরণার্থী শিবিরগুলিতে আশ্রয় নেওয়া পরিবারগুলিকে সান্ত্বনা দাও। তাদের প্রাণের সমস্ত তিক্ততা দূর করে দাও। প্রতিশোধের চক্রটিকে ভেঙ্গে দাও, এবং তোমার প্রেমের মাধ্যমে তাদেরকে নিঃশর্তভাবে ভালোবাসতে এবং তোমার মতো ক্ষমা করতে শিক্ষা দাও।

২। এই অতিমারীর সময়, হে ঈশ্বর, বিধিনিষেধ এবং লকডাউন কানাডার বৈবাহিক সম্পর্কগুলির মধ্যে অনেক চ্যালেঞ্জ নিয়ে এসেছে। আমরা দম্পতিদের এবং পরিবারগুলির মধ্যে শান্তি এবং ঐক্যের জন্য প্রার্থনা করছি। (মথি ৫:৯)

৩।গ্রীণল্যাণ্ডের নাগরিকরা ডেনিস হলেও, তাদেরকে প্রায়ই বৈষম্যমূলক আচরণের অভিজ্ঞতা লাভ করতে হয়। আমরা প্রার্থনা করি যাতে ডেনিসরা গ্রীণল্যাণ্ডের অধিবাসীদের বুঝতে পারে এবং সাম্যতার সঙ্গে তাদের গ্রহণ করে। (রোমীয় ১০:১১-১৩)

৪। হে প্রভু, আমরা প্রার্থনা করি যাতে ভারতের শাসনকারী রাজনৈতিক নেতারা সমাজে সত্য, প্রেম, শান্তি এবং সাম্যতার দিকে লক্ষ্য রেখে কাজ করে। আমরা প্রার্থনা করি "বিশেষত রাজন্যবর্গ এবং উচ্চপদে আসীন সকল ব্যক্তির জন্য, যেন আমরা পরিপূর্ণ ভক্তিতে ও পবিত্রতায়, শান্তিপূর্ণ ও নিরুদ্বিগ্ন জীবনযাপন করতে পারি" (১ তীম ২:২)।

৫। জাপানের ৯৯ শতাংশ অবিশ্বাসীরা যেন ত্রাণকর্তা যীশুর সঙ্গে মিলিত হতে পারে; ঈশ্বরের সঙ্গে পুনর্মিলিত হতে পারে; পাপ থেকে মুক্ত হতে পারে। (যোহন ৮:৩৬)

৬। হে পিতা, ২০২০ সালের ভূমিকম্পগুলো ক্রোয়েশিয়ার লোকদের কাছে ধ্বংস এনেছিল। নেতৃবর্গকে ঐক্যবদ্ধ কর যাতে বিনাশ প্রাপ্ত অট্টালিকাগুলি এবং সম্পর্কগুলি দ্রুত পুনরুদ্ধারের জন্য সচেষ্ট হতে পারে।পুনর্নির্মাণের জন্য সাহায্য করতে এগিয়ে আসা চার্চগুলি জন্য তোমাকে ধন্যবাদ দিই। (২ করিন্থীয় ১৩:১১)

৭। প্রভু, ফিনল্যাণ্ডে কর্মরত খ্রীষ্টিয় মণ্ডলীগুলি এবং সমাজগুলির মধ্যে পারস্পরিক ক্রিয়া এবং সংযোগকে শক্তিশালী করো। তোমার অনুসরণকারীদের বুঝতে সাহায্য করো যে পার্থক্য নির্ণয়কারী বিষয়গুলির থেকে ঐক্যবদ্ধকরার বিষয়গুলি আরও অধিক। (১ পিতর ৩:৮)

৮। হে প্রভু, পোলাণ্ডের লোকদের মধ্য গভীর বিভাজন আছে। ক্ষমা এবং ঐক্যের উপর আশাময়ী নারী অনুষ্ঠানগুলি যেন মুক্ত মনের ব্যক্তিদের কাছে পৌছায় এবং পুনর্মিলনের জন্য তা যেন শ্রোতাদের তোমার কাছে নিয়ে আসতে পারে। (১ করিন্থীয় ১:১০)

৯। হে প্রভু,আমরা হংকংয়ে তোমার পরিচর্যাকারী খ্রীষ্টিয় মহিলাদের আশ্রয় পাওয়ার জন্য প্রার্থনা করি। "আমি সদাপ্রভু সম্বন্ধে বলব, তিনিই আমার আশ্রয় এবং আমার উচ্চদুর্গ, আমার ঈশ্বর, যার উপর আমি আস্থা রাখি" (গীত ৯১:২)।

১০। হে প্রভু, গত ১৫ বছর যাবৎ যুদ্ধের কারণে, লাইবেরিয়ায় কোনও ঐক্য নেই। নাগরিকদের পরস্পরকে ক্ষমা করার শক্তি এবং অনুগ্রহ দাও; এর লোকদের মধ্যে আরোগ্য, সংহতি এবং পুনর্মিলন আনো। (রোমীয় ১২:১৬-১৮)

১১। প্রভু, মধ্য ইউরোপের শিশুদের সুসমাচার শিবিরের জন্য তোমাকে ধন্যবাদ দিই।যারা শিবিরে যোগদান করেছে সেই শিশুদের মধ্যে যীশুর সুসমাচার যেন আশা, আনন্দ এবং নতুন জীবন আনে। (১ তীমথিয় ২:৪)

১২। হে পিতা, দক্ষিণ কোরিয়ার দম্পতিদের প্রয়োজনীয় অনুগ্রহ দাও যাতে তারা অন্য সঙ্গীকে দোষারোপ করার আগে তাদের নিজেদের দোষত্রুটিগুলি স্বীকার করতে পারে। তাদেরকে পরস্পরকে সম্মান করতে এবং ভালোবাসতে সাহায্য করো। (মথি ৭:১-২)

১৩। হে প্রভু, আমাদের ইথিওপীয়ার দলটিকে শক্তিশালী করো যাতে তারা ঐ দেশের ভগ্নচূর্ণ হৃদয়ের মহিলাদের পরিচর্যা করতে পারে। যেহেতু যুদ্ধে বিপন্ন এবং মহিলা কয়েদীরা সুসমাচার শুনেছে, সেহেতু তারা যেন তোমার সঙ্গে পুনরায় মিলিত হতে পারে এবং অন্যদের কাছে এই নতুন জীবন এবং আশার বিষয়টি সহভাগিতা করতে পারে। (গীত ৩৪:১৮)

১৪। হে প্রভু, যারা আরোগ্যদান এবং পুনর্মিলন পরিচর্যায় আহূত হয়েছে তাদের জন্য আমরা প্রার্থনা করি। যীশুকে বিশ্বস্তভাবে অনুসরণ করার কারণের জন্য তারা তাদের প্রতি সমস্ত রকমের অন্যায় ব্যবহার সহ্য করার দ্বারা অন্যদের প্রতি ঈশ্বরের ভালোবাসা ব্যাখ্যা করে দেখায়। আমাদেরকে আমাদের শত্রুদের ভালোবাসতে এবং আমাদের অত্যাচারীদের জন্য প্রার্থনা করতে সাহায্য করো।(মথি ৫:১১-১২।

১৫। হে পিতা, আমরা ফিলিপাইন সরকার এবং বিভিন্ন এজেন্সীগুলির মধ্যে স্পষ্ট যোগাযোগ এবং ঐক্যের জন্য প্রার্থনা করি যাতে এই অতিমারীর সময় তারা যখন জনগণের মঙ্গলের জন্য স্বাস্থ্য আচরণবিধিগুলি বাস্তবে রূপায়িত করছে তখন তারা যেন একসঙ্গে কাজ করতে পারে। (ফিলিপীয় ২:২)

১৬। হে প্রভু, আমরা রোমানীয়ার আদি জনগোষ্ঠীগুলির মধ্যে ঐক্যের জন্য প্রার্থনা করি। রোমা জনগণ যেন তাদের ত্রাণকর্তা হিসাবে তোমার সঙ্গে পুনর্মিলিত হয় এবং রোমানীয় সমাজের দ্বারা গৃহীত হয়। রোমীয় ১৫:৫-৭)

১৭। আমরা প্রার্থনা করি যাতে বোনেয়ারের খ্রীষ্ট বিশ্বাসীরা সমস্ত বৈষম্যগুলিকে দূর করতে পারে, ঐক্যবদ্ধ হতে পারে এবং একচিত্তে তোমার প্রশংসা করতে পারে। তোমার প্রেম এবং অনুগ্রহ যেন তাদের উপর উপচিয়ে পড়ে, যাতে তাদের মধ্যে সংহতি তৈরী হয় এবং তারা তোমার প্রেম দেখাতে পারে। (গীত ১৩৩)

১৮। হে প্রভু, অনেক সময় ইন্দোনেশিয়ার বিভিন্ন ভাষাভাষী এবং ধর্মের হাজার হাজার জনগোষ্ঠী মিলেমিশে থাকতে পারে না। চার্চগুলি ধ্বংস করা হয় এবং খ্রীষ্ট বিশ্বাসীরা অত্যাচারিত হয়। বিশ্বাসীরা যেন খ্রীষ্টের মত জীবনযাপন করে এবং প্রেম ও শান্তির উৎস হতে পারে। (গীত ৯:৯)

১৯। হে পিতা, আমরা প্রার্থনা করি যাতে পর্তুগালের ব্যবসা ক্ষেত্রে কর্মদাতা এবং কর্মীরা যেন পরস্পরের প্রতি সম্মান এবং মর্যাদার মনোভাব আগ্রহের সঙ্গে গ্রহণ করতে পারে। তারা যেন তাদের বিরোধগুলি শান্তিপূর্ণভাবে সমাধান করতে পারে। (১ পিতর ২:১৭)

২০। হে প্রভু, উত্তর ককেশাসের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে প্রজ্ঞা এবং সাহস দাও যাতে তারা প্রধানত মুসলিম অধ্যুষিত এলাকাগুলিতে তোমার জন্য জ্যোতি হতে পারে। এই অস্থির এলাকায় শান্তি আনো। (গীত ৯৩:১-২)

২১। হে পিতা, তুমি দক্ষিণ আফ্রিকাকে ঘিরে থাকো এবং তোমার পরাক্রমী হাতে দেশটিকে আবৃত করো।আমরা এই দেশটিতে ঐক্যের জন্য প্রার্থনা করি যাতে লোকেরা তাদের মধ্যে সমস্ত রকমের পার্থক্য থাকা সত্ত্বেও দৃঢ়ভাবে এক সঙ্গে দাঁড়াতে পারে এবং সহমর্মিতাও অনুগ্রহসহ জীবনযাপন করতে পারে। (হিতোপদেশ ১২:২০)

২২। হে প্রভু, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে নির্দিষ্ট কয়েকটি খ্রীষ্টিয় সম্প্রদায়ের কাছে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও অংশীদারত্বের বিষয়ে কোনো বাধানিষেধ নেই। অনুগ্রহ করে চার্চ এবং খ্রীষ্টিয় সম্প্রদায়গুলিকে ঐক্যবদ্ধ করো যাতে তারা সহযোগিতার মানসিকতায় এই মিডিয়া পরিচর্যাটিকে সাহায্য এবং সমর্থন করে যাতে যীশুতে পরিত্রাণ এবং আশার বার্তাটি সহভাগিতা করা যায়। (যোহন ১৭:২০-২১)

২৩। হে প্রভু, প্যারাগুয়ের বিশ্বাসীদের হৃদয় দাও যাতে তারা ক্ষমাশীল, নম্র এবং সমবেদনাপূর্ণ হয়, খ্রীষ্ট যীশুর শক্তির মাধ্যমে ভালোবাসায় পূর্ণ এবং ঐক্যের মধ্যে চলতে আগ্রহী হয়। (কলসীয় ৩:১২)

২৪। হে প্রভু, তোমার সুসমাচার যেন উত্তর এবং দক্ষিণ ভিয়েতনামের ৫৪টি জাতিগত গোষ্ঠীগুলির কাছে পৌঁছাতে পারে। প্রত্যেকটি এলাকায় সমস্ত লোকেরা যেন আরও উন্নতির জন্য পরস্পরকে সহযোগিতা করে এবং ঐক্যবদ্ধ হয়। (গালাতীয় ৩:২৮)

২৫। হে পিতা, অতীতের সমস্ত বিরোধের জন্য পরস্পরকে ক্ষমা করার বিষয়ে স্পেনের লোকদের অন্তরে কাজ করো। এর লোকদের মধ্যে ঐক্য এবং শান্তি আনো। (যোহন ১৩:৩৫)

২৬। হে পিতা, কম্বোডিয়ার অতি অল্প সংখ্যক খ্রীষ্টানদের বিশ্বাসকে শক্তিশালী করো। তাদেরকে তাদের সমাজগুলিতে লবণ এবং জ্যোতি হওয়ার সাহস দাও। (মথি ৫:১৬)